**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**www.supremecourt.gov.bd**

সার্কুলার নম্বর - ১১ এ, তারিখঃ ১৫ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
২৯ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ- শিশু আইন, ২০১৩ এর বিধানাবলী অনুসরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, শিশু আইন ২০১৩ বলবৎ থাকা সত্ত্বেও পুলিশ কর্তৃক কখনো কখনো The Code of Criminal Procedure, 1898 এর ৫৪ ও ৫৫ ধারায় শিশুদের গ্রেফতার করার বিষয়টি অত্র কোর্টের Special Committee for Child Rights এর গোচরীভূত হয়েছে।

০২। শিশু আইন, ২০১৩ এর ৪৪(১) ধারার বিধানমতে ৯ বছর বয়সের নিম্নে কোন শিশুকে গ্রেফতার বা আটকরাখা যাবে না এবং ৪৪(২) ধারার বিধানমতে শিশুকে গ্রেফতার করার পর গ্রেফতারকারী পুলিশ কর্মকর্তা গ্রেফতারের কারণ, স্থান, অভিযোগের বিষয়বস্তু ইত্যাদি সম্পর্কে তাৎক্ষণিকভাবে শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তাকে অবহিত করবেন এবং প্রাথমিকভাবে তার বয়স নির্ধারণ করে নথিতে লিপিবদ্ধ করবেন। যদি কোন সুনির্দিষ্ট অপরাধে কোন শিশুকে আটক করা হয় তাহলে থানার শিশু বিষয়ক ডেস্কের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত শিশুর পিতামাতা ও প্রবেশন অফিসারকে অবহিত করবেন এবং শিশুর বয়স নির্ধারণের উদ্যোগ গ্রহণ করবেন।

০৩। এই আইনের ধারা ৪৮ এর বিধান সাপেক্ষে আইনের সাথে সংঘাতে জড়িত শিশুকে গ্রেফতার বা আটকের পর হতে বিচার কার্যক্রমের যেকোন পর্যায়ে আনুষ্ঠানিক বিচার কার্যক্রমের পরিবর্তে শিশুর পারিবারিক, সামাজিক, সাংস্কৃতিক, আর্থিক, নৃতাত্ত্বিক, মনস্তাত্ত্বিক ও শিক্ষাগত পটভূমি বিবেচনাপূর্বক, বিরোধীয় বিষয় মীমাংসাসহ তার সর্বোত্তম স্বার্থ নিশ্চিতকল্পে বিকল্পপন্থা (diversion) গ্রহণ করা যাবে।

০৪। উক্ত আইনের ধারা ৫২(১) এর বিধানমতে ফৌজদারি কার্যবিধিসহ বা আপাততঃ বলবৎ অন্য কোন আইন বা এই আইনের অন্য কোন বিধানে ভিন্নরূপ যা কিছুই থাকুক না কেন, কোন শিশুকে গ্রেফতার করার পর এই আইনের অধীন মুক্তি প্রদান বা বিকল্প পন্থায় প্রেরণ করা অথবা তাৎক্ষণিকভাবে আদালতে হাজির করা সম্ভবপর না হলে শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা শিশুটিকে, ক্ষেত্রমত, তাঁর মাতা-পিতা এবং তাঁদের উভয়ের অবর্তমানে তত্ত্বাবধানকারী অভিভাবক বা কর্তৃপক্ষ অথবা আইনানুগ বা বৈধ অভিভাবক বা, ক্ষেত্রমত, বর্ধিত পরিবারের সদস্য বা প্রবেশন কর্মকর্তার তত্ত্বাবধানে শর্ত ও জামানত সাপেক্ষে, অথবা, শর্ত ও জামানত ব্যতীত জামিনে মুক্তি প্রদান করতে পারেন।

০৫। উল্লেখ্য যে, বর্ণিত আইনের ধারা ৫২(২) ধারার বিধানমতে উপ-ধারা (১) এর অধীন কোন শিশুকে জামিনে মুক্তি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট অপরাধ জামিনযোগ্য বা জামিন অযোগ্য কি না তা শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা বিবেচনায় নিবেন না। তবে ৫২(৩) ধারার বিধানমতে অপরাধের প্রকৃতি গুরুতর বা ঘৃণ্য প্রকৃতির হলে বা জামিন প্রদান করা শিশুর সর্বোত্তম স্বার্থের পরিপন্থী হলে বা জামিন প্রদান করা হলে সংশ্লিষ্ট শিশু কোন কুখ্যাত অপরাধীর সাহচর্য লাভ করতে পারে বা নৈতিক বিপদের সম্মুখীন হতে পারে বা জামিন প্রদান করা হলে ন্যায় বিচারের উদ্দেশ্য ব্যাহত হওয়ার আশঙ্কা থাকলে শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা সংশ্লিষ্ট শিশুকে জামিন বা মুক্তি প্রদান করবেন না। এরূপ ক্ষেত্রে গ্রেফতার বা আটকের পর ভ্রমণের সময় ব্যতীত ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট শিশুকে নিকটস্থ শিশু আদালতে হাজির করতে হবে।

০৬। উপরোল্লিখিত বিধানাসমূহ সত্ত্বেও যদি কোনো শিশুকে পুলিশ The Code of Criminal Procedure, 1898 এর ৫৪ ও ৫৫ ধারায় গ্রেফতার করে আদালতে হাজির করে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিশু আদালতকে শিশু আইন, ২০১৩ এর বিধান সাপেক্ষে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

**স্বাঃ/-**
**(আবু সৈয়দ দিলজার হোসেন)**
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ
registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ৮৮৭২ (১১) এ, তারিখঃ ৩০ /১১/২০১৬খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ফুলবাড়িয়া, ঢাকা।

৪। জেলা জজ.................................................................................................. (সকল)।

৫। মহানগর দায়রা জজ......................................................................................... (সকল)।

৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ........................................................................... (সকল)।

৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ......................................................................... (সকল)।

৮। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৯। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সংরক্ষনের জন্য)।

১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা [সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]

২৯.১১.১৬

**(মো: তাছিম বিল্যাহ)**
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন ঃ ৯৫৬১৯৩২।
ই-মেইলঃ judge.motasim@gmail.com